

শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত খেলাধুলার চর্চা বাড়াতে হবে

—শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক •
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত খেলাধুলার চর্চা ও সুযোগ বাড়াতে হবে। খেলাধুলাকে শিক্ষার সঙ্গে সম্পৃক্ত করাতে হবে। গতকাল রাজধানীর মোহাম্মদপুরে সরকারি শারীরিক শিক্ষা কলেজ মাঠে ৪৬তম শীতকালীন জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলার চর্চা একটি গুরুত্বপূর্ণ বিষয়। যথাযথ শারীরিক ও মানসিক বিকাশ না হলে কর্মক্ষেত্রে সফল হওয়া যায় না। তিনি বলেন, স্কুল পর্যায়ের এ প্রতিযোগিতার মধ্য দিয়ে অনেক ক্রীড়াবিদ তৈরি হচ্ছে। তাদের মধ্যে থেকেই ভবিষ্যতে জাতীয় পর্যায়ের ক্রীড়াবিদ তৈরি হবে। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানগুলোকেও এ প্রতিযোগিতার আওতাভুক্ত করার জন্য সর্বশিল্পীদের নির্দেশনা দেন তিনি।

নুরুল ইসলাম বলেন, অনেক শিক্ষা প্রতিষ্ঠানে খেলার মাঠ নেই। তা শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশের অন্তরায়।